# 2023

# BENGALI

## ( Honours Core)

Paper : BEN–HC–3026

( ছন্দ, অলংকার ও প্রাচ্য কাব্যতত্ত্ব )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) মুক্ত স্বর বা স্বরান্ত অক্ষরের একটি দৃষ্টান্ত দাও।

(খ) মাত্রা কাকে বলে ?

(গ) দ্রুত লয়ের ছন্দ কোনটি ?

(ঘ) কোন্ ছন্দকে পয়ার জাতীয় ছন্দও বলা হয়ে থাকে ?

(ঙ) "অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ।" এটি কোন্ অলংকারের উদাহরণ ?

(চ) "ভারত ভারত খ্যাত আপনার গুণে।" পদটির অলংকার নির্ণয় করো।

(ছ) বিরোধাভাস অলংকারের একটি উদাহরণ দাও।

(জ) শূন্যস্থান পূরণ করো :

করুণরসের স্থায়ীভাব _____ ।

(ঝ) অলংকার শাস্ত্রে কত প্রকার রসের উল্লেখ আছে?

(ঞ) "রীতিরাত্মা কাব্যস্য"—কথাটি কে বলেছিলেন?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) ধ্বনিপ্রধান ছন্দের মাত্রা গণনাপদ্ধতি কীরূপ তা লেখো।

(খ) তানপ্রধান ছন্দের দুটি বিশেষত্ব লেখো।

(গ) অনুপ্রাস অলংকার বলতে কী বোঝায়?

(ঘ) ভাব কত প্রকার ও কী কী?

(ঙ) দুজন ভারতীয় আলংকারিকের নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) টীকা লেখো :

ছেদ; চরণ।

(খ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"এ কথা জানিতে তুমি ভারত-ঈশ্বর শা-জাহান,
কালস্রোতে ভেসে যায় জীবন যৌবন ধনমান।"





(গ) তোমার সিদ্ধান্তের কারণ নির্দেশ করে অলংকার নির্ণয় করো :

"ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়
পূর্ণিমা-চাঁদ যেন ঝলসানো রুটি।"

(ঘ) "কাব্যং গ্রাহ্যমলংকারাৎ"—কথাটি ব্যাখ্যা করো।

(ঙ) কাব্যের আত্মা সম্পর্কে রীতিবাদীদের অভিমত আলোচনা করো।

(চ) অপহ্নুতি ও সন্দেহ অলংকারের পার্থক্য লেখো।

৪। (ক) ধ্বনিপ্রধান ছন্দ কাকে বলে? এই ছন্দের লক্ষণগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো। ২+৮=১০

*অথবা*

(খ) অক্ষর কাকে বলে? অক্ষর কত প্রকার ও কী কী? বাংলার বিভিন্ন প্রকার ছন্দ অনুসারে অক্ষরের প্রকৃতি ও মাত্রা গণনা পদ্ধতি সম্পর্কে আলোচনা করো। ১+২+৭=১০

৫। (ক) নিম্নলিখিত অলংকারগুলির তুলনামূলক আলোচনা করো : ৫+৫=১০

(১) উপমা ও রূপক

(২) উৎপ্রেক্ষা ও সমাসোক্তি

*অথবা*

(খ) রূপক অলংকার বলতে কী বোঝ? রূপক অলংকারের বিভিন্ন প্রকারভেদ উদাহরণসহ আলোচনা করো। ২+৮=১০

৬। (ক) কাব্যের আত্মা সম্পর্কে ধ্বনিবাদীদের মত কী তা পর্যালোচনা করো। ১০

*অথবা*

(খ) আলংকারিকদের মতে রস কীভাবে নিষ্পত্তি হয় সে সম্পর্কে যা জান, লেখো।

৭। (ক) উদাহরণসহ তানপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১০

*অথবা*

(খ) রসের মানসিক উপাদানগুলি নিয়ে একটি আলোচনা প্রস্তুত করো।

★★★